



স্মারক নং-০৫.৪২.৫১৩৩.০০০.০৩.০১০.২০-৬৬১

তারিখ: ০৮ শ্রাবন, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

“আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ১৪২৭ বঙ্গাব্দের জন্য ইজারায়োগ্য অস্থায়ী গবাদি পশুর হাটের দরপত্র বিজ্ঞপ্তি-২০২০”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ১৪২৭ উপলক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুরের বিগত ২৩-০৭-২০২০ খ্রি: তারিখের ০০.০০০০.৫১০০.০০৮.০৭.০০১.২০-২৬৯ সংখ্যক স্মারক পত্রের আলোকে কমলনগর উপজেলাধীন ০৫ (পাঁচ) টি অস্থায়ী গবাদি পশুর হাট বসানোর লক্ষ্যে নিম্ন তপসিলে বর্ণিত অস্থায়ী গবাদি পশুরহাটসমূহ নিম্নোক্ত শর্তসাপেক্ষ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খাতে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের শর্ত সম্বলিত সিডিউল/দরপত্র নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বর্ণিত স্থানসমূহে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল/দরপত্র ফরম বিক্রয় করা হবে না। আগ্রহী দরদাতাগণকে বিস্তারিত তথ্য/শর্ত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে। ১৪২৭ বঙ্গাব্দের অস্থায়ী গবাদি পশুর হাটের দরপত্র বিজ্ঞপ্তি-২০২০ নিম্নরূপ ক্যালেন্ডার মোতাবেক কার্যকর হবে।

১৪২৭ বঙ্গাব্দের ইজারায়োগ্য অস্থায়ী গবাদি পশুর হাটের ক্যালেন্ডার :


ক্র: নং	অস্থায়ী গবাদি পশুর হাটসমূহের নাম	যে ইউনিয়নে অবস্থিত	বিগত ৩ বছরের গড় মূল্য	নতুন/৬% বর্ধিত ১৪২৭ বঙ্গাব্দের সম্ভাব্য সরকারি ইজারা মূল্য	সিডিউলের মূল্য
১	২	৩	৪	৫	৬
১.	চর লরেঙ্গ খাসেরহাট বাজারের উত্তর পাশে খালি মাঠ	০৩নং চর লরেঙ্গ	২৪,৩৩৩.০০	২৫,৭৯৩.০০	৫০০.০০
২.	মুন্সিগঞ্জ বাজারের পূর্ব পাশ বালুর মাঠ	০৪নং চর মার্টিন	৬,৩৮৪.০০	৬,৭৬৭.০০	৫০০.০০
৩.	নুরু পাটোয়ারীরহাট বাজারের পশ্চিম পাশ বালুর মাঠ	০৬নং পাটোয়ারীর হাট	০	৩,৫০০.০০	৫০০.০০
৪.	করুনানগর বাজারের পশ্চিম পাশ খালি মাঠ	০৭নং হাজিরহাট	৬,২৩৫.০০	৬,৬০৯.০০	৫০০.০০
৫.	ফজুমিয়ারহাট বাজারের পূর্ব-দক্ষিণ পাশে খালি মাঠ	৮নং চর কাদিরা	০	৬০০০.০০	৫০০.০০

সিডিউল/দরপত্র গ্রহণ ও খোলা সংক্রান্ত সময়সূচি :

সিডিউল/দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও	সিডিউল/দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময়	সিডিউল/দরপত্র খোলার তারিখ ও সময়	সিডিউল/দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান
২	৩	৪	৫
২৭-০৭-২০২০ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত	২৭-০৭-২০২০ তারিখ দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত	২৭-০৭-২০২০ তারিখ বিকাল ০২:০০ ঘটিকা।	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কমলনগর, সোনালী ব্যাংক লি., কমলনগর শাখা এবং কমলনগর থানা, কমলনগর, লক্ষ্মীপুর।


অস্থায়ী গবাদি পশুরহাট ইজারার শর্তাবলী :

- এ ইজারার মেয়াদ ঈদ-উল আযহা-১৪২৭ পর্যন্ত বলবৎ থাকবে এবং ঈদ-উল আযহা-২০২০ পর্যন্ত প্রতিদিন হাট বসানো যাবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সহিত উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারাগ্রহীতা অস্থায়ী গবাদি পশুর হাট নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে।
- নির্ধারিত হারের চেয়ে বেশি টোল আদায় করা যাবে না।
- যার দরপত্র গৃহীত হবে (সর্বোচ্চ দর দাতা) তাৎক্ষণিক দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭০% (শতকরা ৭০ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর (কোড নং-১/১১৪১/০০০০/০১১১) এবং ১৫% ভ্যাট (কোড নং-১/১১৩৩/০০০০/০৩১১) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় দরপত্রের সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


২৩/০৭/২০২০
(মোহাম্মদ মোবারক হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর লক্ষ্মীপুর।

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
৫. সহকারী কমিশনার (ভূমি), কমলনগর, লক্ষ্মীপুর। [তাকে বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশবোর্ডে দিয়ে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৬. উপজেলা কর্মকর্তা (সকল), কমলনগর। [তাকে বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশবোর্ডে দিয়ে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৭. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কমলনগর। [তাকে নোটিশবোর্ডে প্রদর্শন ও মাইকিং এর মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৮. ব্যবস্থাপক, ব্যাংক লি., কমলনগর, লক্ষ্মীপুর।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ইউনিয়ন ভূমি অফিস, কমলনগর, লক্ষ্মীপুর।
বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে দিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, কমলনগর, লক্ষ্মীপুর।
১১. উপজেলা টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর। [বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
১২. জনাব
১৩. অফিস কপি। [অত্রাফিস নোটিশ বোর্ড]


(মোহাম্মদ মোবারক হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর।